

Nasoclin Nasal Drop

Oxymetazoline Hydrochloride BP 0.05%

Presentation

Nasoclin Nasal Drop: Each ml contains 0.05% of Oxymetazoline Hydrochloride BP.

Description

Oxymetazoline Hydrochloride is an imidazoline derivative sympathomimetic amine. It directly stimulates alpha adrenergic receptors of the sympathetic nervous system. Intranasal application of Oxymetazoline results in constriction of dilated arterioles and reduction in nasal blood flow and congestion.

Indications and uses

Oxymetazoline Hydrochloride is applied topically to relieve nasal congestion associated with acute or chronic rhinitis, common cold, sinusitis and hay fever of other allergies. It is also used as nasal decongestant in otitis media.

Dosage & Administration

Adults & Children 6 years of age and older: 2-3 drops in each nostril twice daily for 3-5 days.

Side Effects

- * Transient burning, dryness of the nasal mucosa, sneezing.
- * Nervousness, dizziness, headache.
- * Hypertension, palpitation or reflex bradycardia.

Contraindications

Contraindicated in patients hypersensitive to Oxymetazoline Hydrochloride.

Precautions

- * Prolonged use may result in rebound congestion.
- * Since oxymetazoline has systemic adverse effects, it should be used with caution in patients with hypertension, cardiovascular disease or hyperthyroidism or in those receiving MAO inhibitors.

Use in Pregnancy & Lactation

Pregnancy: Safe use of Oxymetazoline during pregnancy has not been established; it should be avoided by pregnant women.

Nursing Mother: It is not known whether oxymetazoline is secreted in human breast milk; caution is advised.

Drug interaction

- * Monoamine oxidase inhibitors (MAOIS): Concomitant use of oxymetazoline and MAOI can result in hypertension reaction.
- * Tricyclic antidepressants (TCAS): ICAs may increase the effects of oxymetazoline on blood pressure.

Overdose

Following a proper application, systemic action is unlikely, if, however, some of the drops are swallowed, systemic effect can be produced. Symptoms include rapid, irregular heartbeat, headache, dizziness, increased sweating, nervousness. Such symptoms are more likely to be seen in young children.

Commercial pack

Nasoclin 0.05% Nasal Drop: Supplied in 10 ml plastic dropper bottle.

Manufactured by:
Chemist Laboratories Limited
College Row, Barishal, Bangladesh.

ন্যাসোক্লিন ন্যাজাল ড্রপ

অক্সিমিটাজোলিন হাইড্রোক্লোরাইড বিপি ০.০৫%

উপস্থাপন

ন্যাসোক্লিন ন্যাজাল ড্রপঃ প্রতি মি.লি.-এ রয়েছে ০.০৫% অক্সিমিটাজোলিন হাইড্রোক্লোরাইড বিপি।

বিবরণ

অক্সিমিটাজোলিন হাইড্রোক্লোরাইড একটি ইমিডাজোলিন উদ্ভূত সিম্প্যাথোমিমেটিক এমাইন। সিম্প্যাথোটিক স্নায়ুতন্ত্রের আলফা এড্রেনার্জিক রিসেপ্টরকে এটা সরাসরি উদ্দীপ্ত করে। অক্সিমিটাজোলিন নাসারন্ধ্রে ব্যবহারের ফলে প্রসারিত রক্তনালী সংকুচিত হয়; যার ফলে নাকে রক্ত প্রবাহ কমে গিয়ে নাক বন্ধ ভাব দূর হয়।

নির্দেশনা

একিউট অথবা ক্রনিক রাইনাইটিস, সাধারণ ঠাণ্ডা লাগা, সাইনুসাইটিস, হে ফিভার অথবা অন্যান্য এ্যালার্জিকজনিত কারণে নাকের কনজেশন (নাক বন্ধ হওয়া) দূর করতে অক্সিমিটাজোলিন হাইড্রোক্লোরাইড নাকে স্থানীয়ভাবে ব্যবহার করা হয়। ওটাইটিস মিডিয়াতেও এটা নাক পরিষ্কারক হিসাবে ব্যবহার করা যায়।

সেবনমাত্রা ও বিধি

প্রাপ্ত বয়স্ক এবং ৬ বছর ও এর বেশী বয়সের শিশুদের জন্য : ২-৩ ফোঁটা প্রতি নাসারন্ধ্রে দিনে ২ বার, ৩ থেকে ৫ দিন অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

পার্শ্ব প্রতিক্রিয়া

- * ক্ষণস্থায়ী জ্বলাপোড়া, নাকের ভিতর শুকুতা, হাঁচি।
- * অস্থিরতা, মাথা ঘোরা, মাথা ব্যথা।
- * রক্তচাপ বৃদ্ধি, বুক ধড়ফড় করা অথবা রিফ্লেক্স ব্রাডিকার্ডিয়া।

প্রতিনির্দেশনা

অক্সিমিটাজোলিন হাইড্রোক্লোরাইড-এর প্রতি অতি সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে এই প্রত্নিত প্রতিনির্দেশিত

সতর্কতা

- * দীর্ঘদিন ব্যবহারে 'রিবাইউড কনজেশন' (নাসারন্ধ্র পুনরায় বন্ধ হয়ে যাওয়া) হতে পারে
- * অক্সিমিটাজোলিন-এর সিস্টেমিক পার্শ্ব প্রতিক্রিয়া থাকার কারণে উচ্চ রক্তচাপ, হৃদরোগ বা হাইপারথাইরয়েডিজম-এর রোগীদের ক্ষেত্রে অথবা যারা এম এ ও ইনহিবিটর নিচ্ছেন তাদের ক্ষেত্রে ইহা ব্যবহারে সাবধানতা অবলম্বন করা উচিত।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

গর্ভাবস্থায়ঃ গর্ভাবস্থায় অক্সিমিটাজোলিন-এর নিরাপদ ব্যবহার প্রতিষ্ঠিত হয়নি; তাই গর্ভবতী মহিলাদের এটা ব্যবহার থেকে বিরত থাকা উচিত।

স্তন্যদানকালেঃ অক্সিমিটাজোলিন মাতৃদুগ্ধে নিঃসৃত হয় কিনা জানা যায়নি বিধায় স্তন্যদায়ী মায়েরদের এটা ব্যবহারে সতর্কতা অবলম্বন বাঞ্ছনীয়।

ড্রাগ ইন্টারঅ্যাকশন

- * মনোএমাইন অক্সিডেজ ইনহিবিটর (এম এ ও আই)ঃ অক্সিমিটাজোলিন এবং এম এ আই-এর যুগলং ব্যবহারের ফলে রক্তচাপ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা থাকে।
- * ট্রাইসাইক্লিক এন্টি ডিপ্রেসেন্ট (টি সি এ)ঃ রক্তচাপের উপর অক্সিমিটাজোলিন-এর প্রভাবকে টি এ বৃদ্ধি করতে পারে।

মাত্রাধিক্য

অক্সিমিটাজোলিন-এর সঠিক ব্যবহারে সিস্টেমিক প্রতিক্রিয়া সাধারণতঃ দেখা যায়না। তবে কয়েক ফোঁটা ঔষধ গিলে ফেললে সিস্টেমিক প্রতিক্রিয়া দেখা দিতে পারে। এর লক্ষণসমূহ হচ্ছে- দ্রুত, অনিয়মিত হৃদস্পন্দন, মাথাব্যথা, মাথাঘোরা, প্রচুর ঘাম হওয়া, অস্থিরতা। এই লক্ষণসমূহ অল্পবয়সী শিশুদের ক্ষেত্রেই বেশী দেখা যায়।

বাণিজ্যিক মোড়ক

ন্যাসোক্লিন ০.০৫% ন্যাজাল ড্রপঃ ১০ মি.লি. গ্রাস্টিক ড্রপার বোতলে সরবরাহ করা হয়েছে।

প্রস্তুতকারক ঃ
কেমিস্ট ল্যাবরেটরিজ লিঃ
কলেজ রো, বরিশাল, বাংলাদেশ